

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৮০.২৬.১২৭৩

তারিখ: ২১/০২/১৪৩৩ বঙ্গাব্দ।
০৪/০৬/২০২৬ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চিকিৎসা ঋণ প্রদান নীতিমালা, ২০২৬।

১। **ভূমিকা।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের বৃহত্তম শৃঙ্খলা বাহিনী হিসেবে জাতীয় নিরাপত্তা, আইন-শৃঙ্খলা রক্ষা, দুর্যোগ ব্যবস্থাপনা, নির্বাচন পরিচালনা এবং বিভিন্ন সামাজিক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বাহিনীর সদস্যগণ দেশের স্বার্থে ঝুঁকিপূর্ণ ও দায়িত্বপূর্ণ কর্মসম্পাদনে নিয়োজিত থাকেন। ফলে তাদের এবং তাদের পরিবারের সদস্যদের জন্য প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ বাহিনীর কল্যাণমূলক কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অংশ। গুরুতর অসুস্থতা, জটিল অস্ত্রোপচার, দুর্ঘটনাজনিত আঘাত অথবা অন্যান্য ব্যয়বহুল চিকিৎসার ক্ষেত্রে সদস্যগণ আকস্মিক আর্থিক সংকটে পড়তে পারেন। এ ধরনের পরিস্থিতিতে প্রয়োজনীয় চিকিৎসা সেবা গ্রহণে সহায়তা প্রদানের লক্ষ্যে ওয়েলফেয়ার শাখা হতে চিকিৎসা বাবদ ঋণ প্রদান করা হবে। এর মাধ্যমে সদস্যদের চিকিৎসা ব্যয় নির্বাহে সহায়তা প্রদান, আর্থিক চাপ হ্রাস এবং দ্রুত সুস্থ হয়ে কর্মক্ষেত্রে প্রত্যাবর্তনের সুযোগ সৃষ্টি হবে। বাংলাদেশ আনসার (সরকারি) কল্যাণ তহবিল এবং বাংলাদেশ ভিডিপি (সরকারি) কল্যাণ তহবিলের অর্থের স্বচ্ছ, জবাবদিহিমূলক ও কার্যকর ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রকৃত প্রয়োজনসম্পন্ন সদস্যদের ন্যায়সঙ্গত ও সহজলভ্য উপায়ে চিকিৎসা সহায়তা প্রদানের লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **সংক্ষিপ্ত শিরোনাম।** এই নীতিমালা “বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চিকিৎসা ঋণ প্রদান নীতিমালা, ২০২৬” নামে অভিহিত হবে।

৩। **উদ্দেশ্য।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত এবং অবসরপ্রাপ্ত সকল পর্যায়ের সদস্য/সদস্যা এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তাদের পরিবারের সদস্যদের (স্বামী/স্ত্রী, পুত্র ও কন্যা) গুরুতর অসুস্থতার চিকিৎসার জন্য জরুরি ভিত্তিতে আর্থিক সহায়তা প্রদান।

৪। **প্রযোজ্যতা।** এই নীতিমালা বাংলাদেশ আনসার (সরকারি) কল্যাণ তহবিল এবং বাংলাদেশ ভিডিপি (সরকারি) কল্যাণ তহবিলের আওতাভুক্ত সকল সদস্য/সদস্যার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫। **ঋণের প্রকৃতি ও সীমা।**

৫.ক। সদর দপ্তরের চিকিৎসা সংক্রান্ত উপ-কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক কর্তৃক অনুমোদিত পরিমাণ অর্থ ঋণ হিসেবে প্রদান করা যাবে;

৫.খ। প্রদত্ত ঋণ সুদমুক্ত হবে এবং পরবর্তীতে বিধি অনুযায়ী সমন্বয়/পরিশোধযোগ্য হবে।

৬। **আবেদন দাখিল ও প্রেরণের পদ্ধতি।**

৬.ক। বিশেষ জরুরি ক্ষেত্রে আবেদনকারী চিকিৎসার ধরন ও সম্ভাব্য ব্যয়ের বিবরণ উল্লেখপূর্বক সরাসরি সদর দপ্তরের মেডিকেল শাখায় আবেদন করতে পারবেন;

৬.খ। ঋণের সমন্বয় বাংলাদেশ আনসার (সরকারি) কল্যাণ তহবিল অথবা বাংলাদেশ ভিডিপি (সরকারি) কল্যাণ তহবিল হতে প্রাপ্য অর্থের সঙ্গে করা হবে। ঋণ সমন্বয়ের পূর্বে সদস্যের মৃত্যু ঘটলে প্রাপ্য এককালীন অনুদান হতে সমন্বয় করা যাবে।

৭। **আবেদনের সঙ্গে সংযুক্তিযোগ্য কাগজপত্র।**

৭.ক। চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় দলিলাদি;

৭.খ। চিকিৎসকের প্রেসক্রিপশন/সুপারিশপত্র;

- ৭.গ। হাসপাতাল বা চিকিৎসা প্রতিষ্ঠানের সম্ভাব্য ব্যয়ের হিসাব;
- ৭.ঘ। সদস্যের পরিচয়পত্রের অনুলিপি;
- ৭.ঙ। পরিবারের সদস্যের চিকিৎসার ক্ষেত্রে সম্পর্কের প্রমাণপত্র;
- ৭.চ। ইউনিট কমান্ডার/উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তার প্রত্যয়ন ও জেলা/রেঞ্জ কর্তৃপক্ষের সুপারিশ।

৮। ঋণ অনুমোদন ও বিতরণ পদ্ধতি।

- ৮.ক। সদর দপ্তরের মেডিকেল শাখায় প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক (মনিটরিং ভেটিংসহ) ব্রডশিট আকারে প্রস্তুত করে সদর দপ্তরের চিকিৎসা সংক্রান্ত উপ-কমিটির নিকট উপস্থাপন করবে;
- ৮.খ। উপ-কমিটি আবেদনসমূহ পর্যালোচনা করে ঋণের পরিমাণ নির্ধারণপূর্বক সুপারিশ প্রদান করবে এবং মহাপরিচালকের অনুমোদন গ্রহণপূর্বক ওয়েলফেয়ার শাখায় প্রেরণ করবে;
- ৮.গ। মহাপরিচালকের অনুমোদিত অর্থ BANGLADESH ANSAR-VDP WELFARE TRUST FUND (MISC) হতে ঋণ বাবদ ওয়েলফেয়ার শাখা কর্তৃক আবেদনকারীর নিজস্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে এবং সংশ্লিষ্ট ইউনিট/রেঞ্জকে অবহিত করা হবে;
- ৮.ঘ। একই অর্থবছরে একজন সদস্য সর্বোচ্চ একবার চিকিৎসা ঋণ প্রাপ্ত হবেন;
- ৮.ঙ। এই নীতিমালার আওতায় যে আবেদনের প্রেক্ষিতে আর্থিক অনুদান হিসেবে লোন প্রদান করা হবে সেই আবেদন অত্র দপ্তরে বাংলাদেশ আনসার (সরকারি) কল্যাণ তহবিল/বাংলাদেশ ডিডিপি (সরকারি) কল্যাণ তহবিল ব্যতীত অন্য কোন নীতিমালার আওতায় অনুদান যোগ্য বলে বিবেচিত হবে না।
- ৯। শান্তিমূলক ব্যবস্থা। কোনো সদস্য বা সদস্যা মিথ্যা তথ্য, জাল কাগজপত্র অথবা প্রতারণামূলক উপায়ে চিকিৎসা ঋণ গ্রহণের চেষ্টা করলে বা গ্রহণ করলে তার বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। মহাপরিচালকের ক্ষমতা। মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বিশেষ মানবিক বিবেচনায় এই নীতিমালার আওতায় চিকিৎসা ঋণ অনুমোদন করতে পারবেন। এছাড়া যৌক্তিক কারণে ঋণ পরিশোধে অক্ষমতার বিষয় বিবেচনা করে সম্পূর্ণ বা আংশিক ঋণ মওকুফ করার ক্ষমতাও তিনি সংরক্ষণ করবেন।
- ১১। নীতিমালার কার্যকারিতা ও সংশোধন। এই নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে। প্রয়োজনবোধে মহাপরিচালকের অনুমোদনক্রমে নীতিমালার কোনো ধারা সংশোধন, সংযোজন, পরিমার্জন বা রহিত করা যাবে।
- ১২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারি করা হলো।



মুহাম্মদ সাজ্জাদুর রহমান, বিডিএমএস, পিএমএস
বিএডি- ১২০০৭৩
পরিচালক (প্রশাসন)
মোবাইল নম্বর ০১৩৩৫৩০০২৬০
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd